দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 04 DEC 2005
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬

## বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে দু লাখ কর্মচারীর জন্য চাকরি বিধি নেই

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মচারীরা পেশাগত অধিকার থেকে বঞ্চিত। দুই লাখ তৃতীয় ও চতুর্থ শ্রেণী কর্মচারীকে অতিরিক্ত কাজের জন্য অতিরিক্ত কোনো পারিশ্রমিক না দিয়ে শ্রম আইন লংঘন করা হচ্ছে। প্রতিদিন ১৫/১৬ ঘন্টা কাজ করতে তাদের বাধ্য করা হয়। নেই তাদের চাকরি জীবনে নির্দিষ্ট নিয়ম-কানুন বা চাকরি বিধি। ফলে প্রতিনিয়ত কর্মচারীরা কথায় কথায় চাকরি হারাচ্ছে। প্রতিকার চেয়ে শারীরিকভাবে লাঞ্ছিত হচ্ছে। কর্মচারীদের চাকরি বিধি বাস্তবায়নের জন্য আমরা শত শত আবেদনপত্র, স্মারকলিপি দেয়াসহ সরকারের সংশ্লিষ্ট মহলের সঙ্গে সাক্ষাৎ করেছি। অথচ দীর্ঘ ১২ বছরেও কর্মচারীদের চাকরি বিধি বাস্তবায়ন হয়নি। কর্তৃপক্ষের মৌখিক নির্দেশেই একজন কর্মচারীর চাকরি চলে যায়। চাকরিচ্যুত কর্মচারী– এই অজুহাতে তারা লেবার কোর্টের আইনগত কোনো সহযোগিতা পায় না। আদালতের আশ্রয় নেয়া যায়নি, যেহেতু তাদের চাকরির কোনো শর্ত বা চাকরির পক্ষে কোনো বিধিমালা নেই। এ অবস্থায় দুই লাখ কর্মচারীর চাকরি বিধি অবিলম্বে বাস্তবায়নের জন্য পুনরায় সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন জানাচ্ছি।

এম. আরজু,
মহাসচিব,
*বাংলাদেশ শিক্ষাপ্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন, কমলাপুর শেরে বাংলা রেলওয়ে উচ্চ বিদ্যালয়, ঢাকা ১২১৭।*